
সমকাল

তারিখ 06 OCT 2016
পৃ: ৩ কলাম ৭

# বদরুলের সর্বোচ্চ শাস্তি হবে : শিক্ষামন্ত্রী



■ সিলেট ব্যুরো

সিলেট সরকারি মহিলা কলেজের ছাত্রী খাদিজা বেগম নার্গিসকে কুপিয়ে নির্মমভাবে আহত করার ঘটনাকে কাপুরুষোচিত, বর্বরোচিত ও ন্যক্কারজনক ঘটনা বলে উল্লেখ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি। তিনি বলেন, এটা নৈতিকার চরম অবক্ষয়। এ ঘটনার নিন্দা জানানোর ভাষা নেই। প্রকাশ্য দিবালোকে বদরুল যে ঘটনা ঘটিয়েছে তার দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা হবে। সে যে দলের হোক তাকে রেহাই দেওয়া হবে না।

শিক্ষামন্ত্রী এ ঘটনার পর প্রশাসন ও খাদিজার পরিবারের সঙ্গে যোগাযোগ ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৬

## বদরুলের সর্বোচ্চ

[তৃতীয় পৃষ্ঠার পর]

রাখছেন বলে এক বিবৃতিতে জানানো হয়। এতে বলা হয়, শিক্ষামন্ত্রী সিলেটের পুলিশ কমিশনার এবং জেলা প্রশাসকের সঙ্গে ফোনে কথা বলে দুষ্কৃতকারী বদরুলের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার নির্দেশ দেন। যুবলীগ নেতা অ্যাডভোকেট মোহাম্মদ আব্বাছ উদ্দিন স্বাক্ষরিত ওই বিবৃতিতে বলা হয়, শিক্ষামন্ত্রী টেলিফোনে খাদিজার চাচা কাইয়ুমসহ পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন।

শিক্ষামন্ত্রী খাদিজার পরিবারের সদস্যদের আশ্বস্ত করে বলেন, সরকার খাদিজার পরিবারের সঙ্গে আছে, থাকবে। এ সময় তিনি সব ধরনের সহযোগিতা ও নিরাপত্তা প্রদানের আশ্বাসও দেন। এ ছাড়া শিক্ষামন্ত্রী যে সব ছাত্র সাহসিকতার সঙ্গে খাদিজার ওপর হামলাকারী বদরুলকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করেছেন তাদের আন্তরিক ধন্যবাদ জানান। এদিকে গতকাল রাত ১০টার দিকে শিক্ষামন্ত্রী স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন খাদিজাকে দেখতে যান। তিনি কিছু সময় খাদিজার শয্যাপাশে অবস্থান করেন। মন্ত্রী খাদিজার খোঁজ-খবর নেওয়ার পাশাপাশি তার সুচিকিৎসার জন্য চিকিৎসকদের প্রতি আহ্বান জানান।